

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

(কাস্টমস)

প্রজাপন

তারিখ : ২৩ জৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং- ১৬৪/আইন/২০১৩/২৪৫১/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, section 192A হইতে section 192J এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত শ্রমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, শুক্র (বিকল্প বিরোধ নিষ্পত্তি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার -

- (১) বিধি ২ এর দফা (খ) এর পর নিম্নরূপ নতুন দফা (খখ) সন্তুষ্টিপূর্ণ হইবে, যথাঃ-
 "(খখ) “প্রাক-জাহাজীকরণ পরিদর্শন সংস্থা” অর্থ প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ এ সংজ্ঞায়িত প্রাক-জাহাজীকরণ পরিদর্শন সংস্থা”;
- (২) বিধি ৩ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;
- (৩) বিধি ৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত “সহায়তাকারী কোন প্রকার নোটিশ প্রদান ব্যক্তিরেকে” শব্দগুলির পরিবর্তে “সহায়তাকারী সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (৪) বিধি ১১ এর উপ-বিধি (১) এর টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“টেবিল

ক্র/নং	বিরোধীয় মূল্য/বিষয়	সার্টিস চার্জ এর হার
১	বিরোধীয় মূল্য/বিষয়- দুই (২) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ৫%।
২	বিরোধীয় মূল্য/বিষয়- দুই (২) লক্ষ এর অতিরিক্ত হইতে পাঁচ (৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ৮%, তবে ১৫,০০০ (পনের হাজার) টাকার অধিক নয়।

৩	বিরোধীয় মূল্য/বিষয় টাকা পাঁচ (৫) লক্ষ এর অতিরিক্ত হইতে দশ (১০) লক্ষ টাকা টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ৩%, তবে ২৫,০০০ (পাঁচ হাজার) টাকার অধিক নয়।
৪	বিরোধীয় মূল্য /বিষয়- টাকা দশ (১০) লক্ষ এর অতিরিক্ত হইতে পঁচিশ (২৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ২.৫০%, তবে ৪০,০০০ (চাল্লিশ হাজার) টাকার অধিক নয়।
৫	বিরোধীয় মূল্য/বিষয়-টাকা পঁচিশ (২৫) লক্ষ এর উধৰে হইলে	বিরোধীয় মূল্য বা বিষয়ের ২%, তবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার অধিক নয়।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(এ এফ এম আবদুল্লাহ খান)
প্রথম সচিব (শুল্ক ও নীতি ও বাজেট)।